

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) স্নাতক (সম্মান) শ্রেণিতে বিশেষ কৃতিত্বপূর্ণ ফল অর্জনের স্বীকৃতি হিসেবে শিক্ষার্থীদের দেওয়া হবে ‘ডিনস অ্যাওয়ার্ড’। প্রথমবারের মতো বিশ্ববিদ্যালয়ের সব অনুষদভুক্ত বিভাগগুলোর চার বছর মেয়াদি স্নাতক চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ সর্বোচ্চ মেধাবী শিক্ষার্থীদের এ পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. ইমদাদুল হক ও রেজিস্ট্রার মো. ওহিদুজ্জামান তথ্যটি নিশ্চিত করেছেন।

রেজিস্ট্রার জানান, ‘ডিনস অ্যাওয়ার্ড’ নীতিমালা ও তা প্রাপ্তির জন্য আবেদন ফরম ডিনস কমিটির ১১তম সভায় সুপারিশ করার পরিপ্রেক্ষিতে সিন্ডিকেটের ৯০তম সভায় অনুমোদন হয়েছে। জবির উপাচার্য ইমদাদুল হক বলেন, মেধাবী শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে আমরা প্রতিটি বিভাগ থেকে একজনকে ডিনস অ্যাওয়ার্ড দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। নীতিমালাও চূড়ান্ত হয়েছে। দ্রুতই আমরা তা বাস্তবায়ন করব। পরে শিক্ষকদেরও দেওয়ার ব্যবস্থা নেওয়া হবে।

advertisement 3

উল্লেখ্য, ডিনস অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা একটি সনদ ও ক্রেস্ট পাবেন।

advertisement 4